**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 10-07-2025** **Desk in Charge : SDG**
**Time: 7.50 PM** **Editor: Sudip Basu**
**DEO : KB** **NR : Sudip B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

বিশেষ বিশেষ খবরঃ-

১) ২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের নতুন পরীক্ষায় চিহ্নিত অযোগ্যরা বসতে পারবে না বলে সিঙ্গেল বেঞ্চ যে নির্দেশ দিয়েছিল, তা বহাল রেখেছে হাইকোর্টের ডিভিশন বেঞ্চ।

২/ বিধানসভা ভোটের আগে বিহারে ভোটার তালিকায় নিবিড় পর্যালোচনার কাজ চালিয়ে যেতে সুপ্রিম কোর্ট, নির্বাচন কমিশনকে অনুমতি দিয়েছে।

# এরাজ্যেও নিবিড় পর্যালোচনার কাজ শুরু হলে, বাংলাদেশীদের চিহ্নিত করা সহজ হবে বলে জানিয়েছে বিজেপি।

৩/ ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে ইতিবাচক পদক্ষেপ নেওয়ায় রাজ্যে দু'লক্ষ কোটি টাকার'ও বেশি বিনিয়োগের প্রস্তাব এসেছে বলে রাজ্য সরকার জানিয়েছে।

৪/ পর্যটন সম্ভাবনা নিয়ে জম্মু কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লার সঙ্গে বৈঠক মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর।

৫/ আজ গুরু পূর্ণিমা। # প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন ।

৬/ গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর সৃষ্ট নিম্নচাপটি ঝাড়খন্ডের দিকে সরে যাওয়ায় দক্ষিনবঙ্গে আজ থেকেই বৃষ্টির পরিমাণ কমবে।

*****************************************************************

২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের নতুন পরীক্ষায় চিহ্নিত অযোগ্যরা বসতে পারবে না বলে সিঙ্গেল বেঞ্চ যে নির্দেশ দিয়েছিল তা বহাল রেখেছে হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। গত সোমবার বিচারপতি সৌগত ভট্টাচার্য এই নির্দেশ দেওয়ার পর তা চ্যালেঞ্জ করে বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চে একাধিক মামলা দায়ের হয়। রাজ্য সরকার, স্কুল সার্ভিস কমিশনের পাশাপাশি যোগ্য শিক্ষকদের একাংশও মামলা করেছিলেন তাদের আরো একাধিক দাবির বিষয়ে সিঙ্গেল বেঞ্চ কোন নির্দেশ না নেওয়ায়। রাজ্য সরকার চিহ্নিত অযোগ্যদের পরীক্ষায় বসতে দেবার পক্ষে সওয়াল করে। কিন্তু গতকাল ও আজ দীর্ঘ শুনানির পর ডিভিশন বেঞ্চ রাজ্যের ও স্কুল সার্ভিস কমিশনের আবেদন খারিজ করে দিয়েছে। তবে অন্যান্য বিষয়ে আগামী সোমবার ডিভিশন বেঞ্চ সিদ্ধান্ত জানাবে বলে আইনজীবি ফিরদৌস শামিম জানিয়েছেন।

( বাইট- শামিম )

এদিকে, OBC-A ও B ক্যাটাগরির চাকরিহারা শিক্ষকরা SSC-র বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন জানাতে পারবে। তবে আবেদনপত্রে কোনরকম ক্যাটাগরি উল্লেখ করা যাবে না।
বিচারপতি সৌগত ভট্টাচার্য আজ এই নির্দেশ দিয়ে জানিয়েছেন যে বিষয়টি সুপ্রিমকোর্টে বিচারাধীন হওয়ায় আবেদনের পরেও তা’ গ্রহণযোগ্য হবে কিনা তা’, শীর্ষ আদালতের নির্দেশের ওপর নির্ভর করছে।

*******************

আজকের আদালতের রায়ে সন্তুষ্ট যোগ্য চাকরিহারা শিক্ষকরা। তবুও ন্যায়বিচার এখনো কেন মিলছে না, সেই প্রশ্ন তুলেছেন তারা। যোগ্য চাকরিহারা শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের আহ্বায়ক মেহবুব মন্ডল বলেন, রাজ্য সরকার প্রথম থেকে দাগীদের বাঁচানোর চেষ্টা করে এসেছে। এখনো পর্যন্ত রাজ্য সরকার চায় দাগীদের সুবিধা পাইয়ে দিয়ে বিধানসভা ভোটে জিততে। অন্যদিকে কারা যোগ্য, আর কারা অযোগ্য, আদালত তা জানে। তারপরেও কেন যোগ্যরা ন্যায়বিচার পাচ্ছেন না সেই প্রশ্ন তুলেছেন তিনি।

*******************

OMR শিটের মিরর ইমেজ প্রকাশ, বেআইনী নিয়োগ নোটিশ প্রত্যাহার সহ একাধিক দাবীতে যোগ্য শিক্ষক, শিক্ষিকা ও শিক্ষাকর্মীরা আজ পুরুলিয়া শহরের একাংশে মিছিল করেছেন। পরে জেলাশাসকের দপ্তরের বাইরে অবস্থান বিক্ষোভেও সামিল হন তাঁরা। দাবী দাওয়া না মানলে, আগামী ১৪'ই জুলাই বৃহত্তর আন্দোলন গড়ে তোলার হুঁশিয়ারি দিয়েছেন তাঁরা।

বর্ধমানের কার্জন গেট চত্বরেও আজ বিক্ষোভ দেখান চাকরিহারা যোগ্য শিক্ষকরা।

*******************

বিধানসভা ভোটের আগে বিহারে ভোটার তালিকায় নিবিড় পর্যালোচনার কাজ চালিয়ে যেতে সুপ্রীম কোর্ট, নির্বাচন কমিশনকে অনুমতি দিয়েছে।

কমিশোনের এই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে সর্বোচ্চ আদালতে দায়ের হওয়া মামলার শুনানীর সময় পর্যবেক্ষনে জানানো হয়েছে, ন্যায় বিচারের স্বার্থে চলতি সংশোধন প্রক্রিয়ায় নির্বাচন কমিশনের উচিৎ আধার কার্ড, রেশন কার্ড এবং ভোটার পরিচয়পত্রের মতো প্রধান পরিচয় জ্ঞাপক নথিগুলিকে বিবেচনার অধীনে আনা।

এদিকে, পশ্চিমবঙ্গে এই নিবিড় ভোটার তালিকা পর্যালোচনার কাজ শুরু হলে বাংলাদেশীদের চিহ্নিত করা সহজ হবে বলে মন্তব্য করেছেন রাজ্য বিজেপির মুখপাত্র জগন্নাথ চট্টোপাধ্যায়।

(বাইট- জগন্নাথ)

*******************

সাউথ ক্যালকাটা ল'কলেজে আইনী পড়ুয়াকে গণধর্ষণের মামলায় বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চে তদন্ত রিপোর্ট জমা দিয়েছে কলকাতা পুলিশের বিশেষ তদন্তকারী দল-সিট। সাউথ সাবার্বান ডিভিশনের ডেপুটি কমিশনারের নেতৃত্বে তৈরী এই রিপোর্ট আজ মুখ বন্ধ খামে জমা দেওয়া হয়। রাজ্যের এই রিপোর্টের কপি নির্যাতিতার আইনজীবীকে দিতে হবে বলে আজকের শুনানিতে হাইকোর্ট নির্দেশ

দিয়েছে। তবে সেই কপি কোনোভাবেই সংবাদমাধ্যম বা অন্য কাউকে দেওয়া যাবে না। কসবা থানার তদন্তকারী আধিকারিকও আজ এই ঘটনার রিপোর্ট হাইকোর্টে জমা দেন। তদন্তের অগ্রগতি সংক্রান্ত পরবর্তী রিপোর্ট চার সপ্তাহ পর জমা দেওয়ার নির্দেশও দিয়েছে ডিভিশন বেঞ্চ।

*******************

কসবা আইন কলেজের ছাত্রীকে ধর্ষণ, স্কুল ছাত্রী তামান্নার মৃত্যু, পুলিশের নিষ্ক্রিয়তা, রাজ্যে আইনশৃঙ্খলার অবনতি সহ একাধিক অভিযোগ তুলে প্রদেশ কংগ্রেস আজ লালবাজার অভিযান করেছে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে দুপুরে কলেজ স্ট্রিট থেকে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা কংগ্রেসের নেতাকর্মী সমর্থকরা মিছিল শুরু করেন। মিছিল লালবাজার অভিমুখে বেশ কিছুটা এগোনোর পর প্রবল বৃষ্টি শুরু হলে তা উপেক্ষা করে মিছিল এগিয়ে যায়। বউ বাজারের কাছে পুলিশ ব্যারিকেড করে মিছিল আটকালে রাস্তায় বসে পড়ে বিক্ষোভ দেখাতে শুরু করেন কংগ্রেস কর্মী সমর্থকরা।

*******************

জোকা-এসপ্ল্যানেড মেট্রো প্রকল্পে মাটির নিচের অংশে সুড়ঙ্গ খোঁড়ার কাজ শুরু হয়েছে। আজ সকালে পুজো দিয়ে এই সুড়ঙ্গ খোঁড়া শুরু হয়। মোমিনপুর স্টেশন ছাড়ার কিছুটা পরে ওই লাইন মাটির নিচে প্রবেশ করার কথা। সুড়ঙ্গ কাটার জন্য খিদিরপুর সেন্ট টমাস স্কুলের মাঠের পাশে একটি শ্যাফ্ট তৈরি হয়েছে। এই শ্যাফ্ট দিয়েই মাটির নিচে টানেল বোরিং মেশিন অংশগুলো নামানো হয়। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেট্রো রেলের জেনারেল ম্যানেজার পি উদয় কুমার রেড্ডি। নেপালের কনসাল জেনারেল এবং মেট্রোর শীর্ষ আধিকারিকরা। শ্রী রেড্ডি দিনটিকে ঐতিহাসিক বলে উল্লেখ করেন।

*******************

ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে ইতিবাচক পদক্ষেপ নেওয়ায় রাজ্যে দু'লক্ষ ১০ হাজার কোটি টাকার বেশি বিনিয়োগের প্রস্তাব এসেছে বলে রাজ্য সরকার জানিয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ দক্ষিণ কলকাতার আলিপুরে নবনির্মিত চর্ম ও বস্ত্র হাব 'শিল্পান্ন'-র উদ্বোধন করে বলেন শিল্প উদ্যোগীদের নিয়ে বিভিন্ন জেলায় এখনো পর্যন্ত যে ৫৭ টি সিনার্জি বৈঠক হয়েছে সেখান থেকে ২ লক্ষ ১০ হাজার কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছে। আর্থিক পরিকাঠামোর উন্নয়নে সমাজের বিভিন্ন স্তরে পরিকল্পিত ব্যবস্থা গ্রহণ করায় জাতীয় স্তরের তুলনায় রাজ্যে ৪০ শতাংশ দারিদ্র কমানো সম্ভব হয়েছে বলে তিনি দাবি করেন। সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ইউনিফর্মের জন্য রাজ্যে পাঁচ কোটি মিটার কাপড় তৈরি হয়েছে। এছাড়াও দেড় হাজার পাওয়ার লুম তৈরি করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান।

( বাইট- মমতা )

অনুষ্ঠান মঞ্চ থেকে তিনি দূরনিয়ন্ত্রিত ব্যবস্থার মাধ্যমে বিভিন্ন সংশোধনাগারে বন্দি আবাসিকদের তৈরি হস্তশিল্পের স্টল ও রাজ্যের বিভিন্ন জায়গায় আরও ১৪ টি নতুন বাংলার শাড়ি আউটলেটের সূচনা করেছেন।

*******************

কাশ্মীর ও পশ্চিমবঙ্গের মধ্যে শিল্প, পর্যটন ও কারিগরি শিক্ষার ক্ষেত্রে ঘনিষ্ঠ সহযোগিতামূলক সম্পর্ক আরো দৃঢ় করার উপর রাজ্য সরকার জোর দিচ্ছে। নবান্নে আজ জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লার সঙ্গে বৈঠকের পর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এ কথা জানিয়েছেন। বৈঠকের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে দুই নেতাই জানান, পশ্চিমবঙ্গ ও কাশ্মীরের মধ্যে দীর্ঘ সম্পর্ক রয়েছে। পহেলগাঁওয়ে সন্ত্রাসবাদী হামলার পর পর্যটন শিল্প কিছুটা ধাক্কা খেয়েছে। জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে কাশ্মীর সফরের জন্য আমন্ত্রণ জানান।

রাজ্যের সরকার তাঁদের জন্য সমস্তরকম নিরাপত্তা ও সুরক্ষা ব্যবস্থা করবে। আমন্ত্রণ গ্রহণ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানান, পুজোর পরই তিনি কাশ্মীর সফরে যাবেন। নিরাপত্তা নিয়ে ওই রাজ্যের মুখ্যমন্ত্রী আশ্বস্ত করলেও কেন্দ্রীয় সরকারেরও এ ব্যাপারে দায়িত্ব আছে বলে তিনি মন্তব্য করেন। কাশ্মীরকে 'দেশের অন্যতম শ্রেষ্ঠ জায়গা' বলেও অভিহিত করেছেন মুখ্যমন্ত্রী।

*******************

প্রশ্নপত্র বিতর্কে, বিদ্যাসাগর বিশ্ব বিদ্যালয় কর্তৃপক্ষ ক্ষমা চেয়েছে। প্রশ্নপত্র তৈরীড় দায়িত্বে থাকা দুজনকে সরিয়ে দেওয়া হয়েছে। আজ এক সাংবাদিক বৈঠকে বিশ্ব বিদ্যালয়ের উপাচার্য দীপক কর ওই ঘটনার উপযুক্ত তদন্ত করা হবে বলে জানিয়েছেন তিনি।

উল্লেখ্য, গত বুধবার বিশ্ব বিদ্যালয়ের ষষ্ঠ সেমিস্টারের ইতিহাস পরীক্ষার প্রশ্নপত্রে, বিপ্লবীদের 'সন্ত্রাসবাদী' বলে উল্লেখ করা হয়। এরপরই বিষয়টি নিয়ে তীব্র আলোড়ন তৈরী হয় হয় শিক্ষা মহলে।

ঘটনার প্রতিবাদে বিজেপি আজ মেদিনীপুর শহরে বিপ্লবী বিমল দাশগুপ্তের পূর্ণাবয়ব মূর্তির পাদদেশে বিক্ষোভ দেখায়।

*******************

পোস্ট অফিসগুলিতে নিরবিচ্ছিন্ন ভাবে আরো ভালো পরিষেবা প্রদানের উদ্দেশে ক্লাউড সার্ভার ভিত্তিক এডভান্সড পোস্টাল টেকনোলজি APT ব্যবস্থা শুরু করবে ভারতীয় পোষ্ট। আগামী ১৫ ই জুলাই দক্ষিণ হুগলী, পূর্ব কলকাতা ও দক্ষিণ দিনাজপুর পোস্টাল ডিভিশন, সব রেলওয়ে পোস্টাল সার্ভিস এবং প্রশাসনিক কার্যালয়গুলোতে এই ডিজিটাল পরিসেবার সূচনা হবে। পরবর্তী পর্যায়ে আগামী ৫ ই আগস্ট পশ্চিমবঙ্গের সব পোস্ট অফিসে এই পরিষেবা চালু করা হবে। পশ্চিম বঙ্গ সার্কেলের ভারপ্রাপ্ত চিফ পোস্ট মাস্টার জেনারেল শ্রী ঋজু গাঙ্গুলী আকাশবাণীকে জানিয়েছেন, এই পরিষেবা শুরুর অঙ্গ হিসেবে প্রয়োজনীয় যান্ত্রিক ও প্রযুক্তিগত কাজের জন্য চলতি মাসের ১৪ তারিখ এবং ৪ ঠা আগস্ট পোস্ট অফিসগুলোতে কোনো পরিষেবা প্রদান করা হবে না। যদিও ওই দুদিন পোস্ট অফিস খোলা থাকবে।

( বাইট- ঋজু )

*******************

আজ গুরু পূর্ণিমা। আষাঢ় মাসের শুক্লপক্ষের পূর্ণিমা তিথিতে গুরু পূর্ণিমা বা ব্যাস পূর্নিমা পালিত হয়ে থাকে। এই পূণ্য দিনে ভগবান বিষ্ণু ও মহর্ষি বেদব্যাসের পুজো করে থাকেন অনেকে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

*******************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর সৃষ্ট নিম্নচাপটি ঝাড়খন্ডের দিকে সরে যাওয়ায় দক্ষিণবঙ্গে আজ থেকেই বৃষ্টির পরিমাণ কমবে। তবে সক্রিয় থাকবে মৌসুমী অক্ষরেখা। আবহাওয়া দপ্তরের সাম্প্রতিক র‍্যাডার পর্যবেক্ষণে আগামী দু তিন ঘন্টায় পুরুলিয়া, বাঁকুড়া এবং পূর্ব বর্ধমানের কিছু অংশে বজ্রবিদ্যুত সহ ঝড় বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে।

এদিকে, উত্তরবঙ্গে আগামী রবিবার থেকে পরবর্তী তিনদিন বৃষ্টিপাতের পরিমাণ বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

*******************************************************************